

পিকটোমিও-র সাহায্যে ডিজিটাল অ্যালবাম তৈরি করুন

অরিন্দম পাল

আপনার কম্পিউটারের হার্ড ড্রাইভে রক্ষিত যাবতীয় ছবি সুন্দর, সংগঠিতভাবে রাখার অনেকগুলো উপায় আছে বটে, তবে সেগুলোকে পেশাদারী দক্ষতার সঙ্গে সংরক্ষণ ও সংগঠন করার জন্য উপযুক্ত ফ্রি সফটওয়্যার খুব একটা নেই। এখানেই 'পিকটোমিও'-র বিশেষত্ব। এই ফ্রি প্রোগ্রামটি আপনার ছবি ঠিকমত সংরক্ষণের সবরকম ঝামেলা দূর করবে নিমেষেই। আসুন, হাতেকলমে জেনে নেয়া যাক পিকটোমিওর ব্যবহার।




প্রথমেই যেতে হবে www.pictomio.com ওয়েব সাইটে। সাইটটিতে গিয়ে ডাউনলোড বাটনে ক্লিক করুন। যে স্ক্রিনটি আসবে তাতে এ প্রোগ্রাম চলার জন্য ন্যূনতম সিস্টেম রিকোয়ারমেন্ট কি আছে দেখে নিন, বিশেষ করে গ্রাফিক্স কার্ড সংক্রান্ত রিকোয়ারমেন্ট। তারপর প্রোগ্রামটি ডাউনলোড শুরু করুন। পরবর্তী স্ক্রিনে Download Now ক্লিক করুন এবং ব্রাউজার সংক্রান্ত সতর্কতা যাই দেখাক সেটাকে ইগনোর করুন। এবার File Download dialogue বক্স থেকে Download File বাটনে ক্লিক করুন।




Save As ডায়ালগ বক্স এসে উপস্থিত হলে Save বাটনে ক্লিক করে ফাইলটি ডাউনলোড করুন। ডাউনলোড শেষ হলে Open Folder বাটনে ক্লিক করুন। পিকটোমিও-র আইকনের ওপর ডাবল ক্লিক করে প্রোগ্রামটি ইনস্টল করুন। এরপর সেট আপ উইজার্ডকে অনুসরণ করুন, যত রকম ডিফল্টের কথা বলা হবে সবগুলোই গ্রহণ করুন।

শেষ ডায়ালগ বক্সে Finish বাটনে ক্লিক করলেই প্রোগ্রামটি লোড হবে।



উপরের ছবিতে দেখুন পিকটোমিও প্রথম রান করার সময় কেমন দেখায়। এতে প্রচুর ফিচার আছে, আছে দারণ স্টাইলিশ ইন্টারফেস। সবচেয়ে উপরের ট্যাবগুলো (Browse এবং Slideshow) একটু খেঁটে দেখুন। সে সঙ্গে দেখুন বাম দিকের প্যানেল (File Systems এবং Library) এবং প্রধান উইন্ডো (Thumbnails, Filmstrip, Single Image, Carousel এবং Map)। প্রধান উইন্ডোতে কোনো ছবি প্রদর্শিত হবার সময় এর সম্পর্কিত তথ্য প্রদর্শন করার জন্য ব্যবহার করতে হবে পর্দার নিচে একদম ডানদিকের ট্যাবটি।



এবার আমরা উইন্ডোতে প্রবেশ করানো কয়েকটি ছবি দেখি। বাম দিকের প্যানেলে ফাইল সিস্টেম ট্যাব সিলেক্ট করা আছে কিনা সেটি নিশ্চিত করুন। এবার 'শেয়ারড পিকচারস'-এর পাশের ছোট তীরচিহ্নটি ক্লিক করে এর নিচের Sample Pictures ফোল্ডারটি ক্লিক করতে হবে। তাহলে ছবিতে যেমন দেখানো হল সেভাবে প্রধান উইন্ডোতে এর বিষয়বস্তু প্রদর্শিত হবে। আমরা ছবিতে ডিফল্ট ভিউ (থাম্বনেইল) দেখছি, তবে অন্যান্য ভিউও ব্যবহার করা যায়।

নিচের ছবিতে আমরা পিকটোমিও-র আরেকটি ভিউ দেখতে পাচ্ছি। এজন্য মেইন উইন্ডোর একেবারে উপরে Filmstrip ট্যাবটিতে ক্লিক

করতে হয়েছে, এরপর ক্লিক করা হয়েছে নিচের স্ট্রিপের মধ্যে থাকা যে কোনো একটা ছবিতে। ঐ ছবিটিই মেইন উইন্ডোতে প্রদর্শিত হচ্ছে। ছবির



ওপর কার্সর বুলিয়ে নিলে কয়েকটি অপশন আসবে, যেমন ছবিকে রোট্টে করা, টীকা সংযুক্ত করা, জুম করা ইত্যাদি।

স্ক্রিনের নিচের ডানদিকের ট্যাবগুলোতেও আছে গুরুত্বপূর্ণ সব তথ্য। এখানে পাওয়া যাবে প্রতিটি ছবির সঙ্গে সম্পর্কিত সাধারণ সব তথ্য। এসব ট্যাবের যে কোনোটি খুলতে হলে মাউস পয়েন্টারটি সেটির ওপর রোল করে নিয়ে গেলেই



হবে। এখানে আপনি যা যা করতে পারবেন তার মধ্যে আছে ছবির সঙ্গে টীকা যোগ করা, ক্যাটগরি এবং ট্যাগ (অন্য যে কোনো লাইব্রেরি প্রোগ্রামের মত এখানেও যত বেশি ট্যাগ এবং ক্যাটেগরাইজ করবেন ততই ভাল) সংযুক্ত করা, ছবিতে রেটিং (পাঁচটি তারা ব্যবহার করে পাঁচভাবে রেটিং করা যায়) করা ইত্যাদি।

এসব ছাড়াও পিকটোমিওতে আছে আরো অনেক আকর্ষণীয় সুবিধা। একটু সময় নিয়ে ঘেঁটে দেখলেই খুঁজে পাবেন সব। ■